



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

a national organisation representing Yarn & Fabric Manufacturers and Textile Product Processors

Mohammad Ali Khokon
President

বিটিএমএ.৬০০.১৪৭০

এপ্রিল ০৪, ২০২১

জনাব বেনজীর আহমেদ
মহা-পুলিশ পরিদর্শক
পুলিশ সদর দপ্তর
ঢাকা।

বিষয় : সরকার ঘোষিত লক-ডাউনের সময়ে বিটিএমএ'র সদস্যভুক্ত রপ্তানিমুখী স্পিনিং, উইভিং ও প্রসেসিং মিলসহ ও স্থানীয় বাজারে সরবরাহের লক্ষ্যে তৈরী সুতা ও কাপড় উৎপাদনকারী মিলের পণ্য পরিবহনে বিটিএমএ'র LOGO সম্বলিত যানবাহনের সার্বক্ষণিক চলাচল নিশ্চিতকরণ প্রসংগে।

জনাব,

আপনি জানেন মাননীয় প্রধানমন্ত্রীর সময়োচিত নির্দেশনা, সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি যথাযথ অনুসরণ এবং একই সাথে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আন্তরিক সহযোগিতায় প্রাইমারী টেক্সটাইল খাতের তথা বিটিএমএ'র সদস্যভুক্ত স্পিনিং, উইভিং ও ডাইয়িং-প্রিন্টিং-ফিনিশিং মিলগুলি কভিড-১৯ এর প্রথম ঢেউটি বিশ্বের অনেক উন্নত দেশের তুলনায় সফলভাবে মোকাবেলা করে এখন পর্যন্ত সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে, যা আন্তর্জাতিক অঙ্গনসহ জাতীয়ভাবেও আমাদের ব্যবস্থাপনা প্রশংসিত হয়েছে।

সম্প্রতি কভিড- ১৯ এর সংক্রমণ ২০২০ অপেক্ষা অনেক বেশী যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এরই প্রেক্ষিতে সরকার সারাদেশে ১ সপ্তাহের জন্য লক-ডাউন ঘোষণা করেছেন। কিন্তু দেশের সার্বিক অর্থনীতি ও রপ্তানি বাণিজ্যের বিষয়টি বিবেচনা করে শিল্প কারখানাকে স্বাস্থ্যবিধি যথাযথ পালন সাপেক্ষে পরিচালনার জন্য এর আওতা-বহির্ভূত রেখেছেন। সিদ্ধান্তটি ইতিবাচক ও বাস্তবসম্মত।

এ প্রসংগে আপনাকে অবহিত করছি যে বিটিএমএ'র সদস্যভুক্ত মিলগুলির তৈরী সুতা ও কাপড় স্থানীয় রপ্তানিমুখী নীট ও ওভেন গার্মেন্টসে নিজস্ব পরিবহনের মাধ্যমে সুনির্দিষ্ট রপ্তানি আদেশের বিপরীতে সরবরাহ করা হয়। এ ছাড়াও অন্যান্য মিলগুলির তৈরী সুতা ও কাপড় দেশের বিভিন্ন অঞ্চলের মোকামগুলিতে বাজারজাত করা হয়। ইতোমধ্যে স্থানীয় স্পিনিং, উইভিং ও ডাইয়িং-প্রিন্টিং-ফিনিশিং মিলগুলি রপ্তানিমুখী তৈরী পোশাকের প্রয়োজনীয় সুতা ও কাপড় তৈরী ও সরবরাহ করছে। অন্যদিকে পহেলা বৈশাখ, যাকাতের বাজারসহ ঈদুল ফিতরকে সামনে রেখে সুতা ও কাপড় তৈরী করছে যা সারাদেশে বাজারজাত হবে।

তাই লক-ডাউন চলাকালীন সময়ে বিটিএমএ'র সদস্য মিলের তৈরী সুতা ও কাপড় বহনকারী ট্রাক, কাভার্ড ভ্যান, পিকআপ এবং এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের পরিবহনে নিয়োজিত বাস, মাইক্রোবাস, প্রাইভেট কার, জীপ ইত্যাদির চলাচল নিশ্চিত হওয়া অত্যাবশ্যিক। অন্যথায় মিলগুলির সামগ্রীক ব্যবস্থাপনা বাধাগ্রস্ত হবে। ফলে সরকার যে লক্ষ্যে লক-ডাউনের মধ্যে শিল্প কারখানা চালু রাখার সিদ্ধান্ত প্রদান করেছেন তা ব্যাহত হবে।

এমতাবস্থায় উপরোক্ত বর্ণনা ও বাস্তবতা বিবেচনায় নিয়ে লক ডাউন চলাকালীন সময়ে বিটিএমএ'র সদস্য মিলগুলির তৈরী সুতা ও কাপড় তা রপ্তানিমুখী শিল্পের জন্যই হোক বা তা স্থানীয় বাজারে বিক্রয়ের লক্ষ্যেই হোক না কেন, তার বহনকারী ট্রাক, কাভার্ডভ্যান, পিকআপ এবং উক্ত মিলগুলির কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের বহনে নিয়োজিত বাস, মাইক্রোবাস প্রাইভেট কার ও জীপ যে গুলিতে বিটিএমএ'র LOGO, যা প্রেসিডেন্ট, বিটিএমএ'র স্বাক্ষর সম্বলিত থাকবে, সেগুলিকে চলাচলের জন্য সম্ভাব্য সকল ধরনের সহযোগিতা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি। আপনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিটিএমএ'র একটি LOGO এতদসংগে সংযুক্ত করা হলো।

আপনার অব্যাহত সহযোগিতাকে বিটিএমএ সবসময়ই কৃতজ্ঞচিত্তে স্মরণ করে।

ধন্যবাদান্তে,
আপনার একান্ত

[মোহাম্মদ আলী খোকন]
প্রেসিডেন্ট

অনুলিপি :

১. সচিব, জন প্রশাসন মন্ত্রণালয়
২. পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, সিরাজগঞ্জ, পাবনা, টাংগাইল
৩. মহাপরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ উত্তরা, ঢাকা
৪. পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, সিরাজগঞ্জ, পাবনা, টাংগাইল





A handwritten signature in black ink, appearing to be 'M. M. Hossain', written in a cursive style.

President

Bangladesh Textile Mills Association [BTMA]